দৈনিক ইত্তেফাক

তারিখ ... MAR 25 2000 ...
পৃষ্ঠা ... কলাম ...

38

# সরকারী মেডিক্যাল কলেজে ভর্তির সময় বাড়ানো হউক

গত ১৬-৩-২০০০ তারিখে দৈনিক ইত্তেফাকে স্বাস্থ্য অধিদপ্তরের বিজ্ঞপ্তি অনুযায়ী ১৯৯৯-২০০০ শিক্ষাবর্ষে সরকারী মেডিক্যাল কলেজসমূহে এমবিবিএস কোর্সে ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ করা হইয়াছে এবং ছাত্র ভর্তি প্রসঙ্গে বলা হইয়াছে যে, আগামী ৩০শে মার্চের মধ্যে ভর্তি শেষ করিতে হইবে। উল্লেখ করা প্রয়োজন যে, মুসলিম সম্প্রদায়ের সর্ববৃহৎ উৎসব ঈদুল আজহা উদ্‌যাপিত হইয়াছে গত ১৭-৩-২০০০ তারিখে। তাহাছাড়া মাসের শেষে অনেক অভিভাবকেরই হাতে টাকা-পয়সা নাই। মেডিক্যাল কলেজে ভর্তির সময় বাড়ানো না হইলে অভিভাবকগণ বিরাট অসুবিধার সম্মুখীন হইবেন। তদুপরি, প্রথম বিজ্ঞপ্তি প্রকাশের পর হইতে ৩০শে মার্চের মধ্যে ৫/৬ দিন অফিস বন্ধ থাকিবার দরুন কাগজপত্র বোর্ড হইতে তুলিতে অসুবিধা হইতেছে। তাই সবদিক বিবেচনা করিয়া কর্তৃপক্ষের নিকট বিনীত আবেদন এই যে, ভর্তির সময়সীমা আগামী ১৫-৪-২০০০ তারিখ পর্যন্ত বর্ধিত করা হউক।

এম,এ জামান,
অভিভাবক,
৪০, টিপু সুলতান রোড,
ঢাকা-১১০০।